রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৩২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১০, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৭১—৫৮১ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২১১—১২২৬ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯১৫—৯৫০ | (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**পরিকল্পনা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঃ/১৪ জুন ২০১৭ খ্রিঃ

**নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.০০২.১৫(অংশ-১)-১৬৩**—পরিকল্পনা বিভাগ কর্তৃক গত ০৯-০২-২০১৬ তারিখে ২০.৮০৪. ০২২.০০.০০.০০৬.২০১০/০৪ স্মারকে জারিকৃত পত্রের আলোকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতায় জাতীয় রাজস্ব বোর্ড-এর বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের নিমিত্ত নিম্নরূপ একটি কমিটি গঠন করা হলো ঃ

সভাপতি

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

সদস্যবৃন্দ

০২। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন/কর প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন), জাতীয় রাজস্ব বোর্ড

০৩। যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

০৪। যুগ্ম-প্রধান, সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ, পরিকল্পনা কমিশন

০৫। প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

০৬। প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়

০৭। প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

০৮। প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (প্রযোজ্য ক্ষেত্রে)*

সদস্য-সচিব

০৯। সিনিয়র সহকারী প্রধান, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

*বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে।

**কমিটির কর্ম পরিধি :**

ক) কমিটি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০.০০ (পঞ্চাশ) কোটি বা তদূর্ধ্ব (সরকারি অর্থায়নে বিনিয়োগ/কারিগরি সহায়তা ও নিজস্ব অর্থায়নে) হলে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নির্বাচনের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী পেশকৃত ন্যূনতম ০৩ জন সম্ভাব্য প্রকল্প পরিচালকের বৃত্তান্ত বিবেচনা করবে;

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

খ) কমিটি প্রকল্প পরিচালক নির্বাচনের জন্য মানদণ্ড (যেমন- শিক্ষাগত যোগ্যতা, কর্ম অভিজ্ঞতা, প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অভিজ্ঞতা, প্রকিউরমেন্ট সংক্রান্ত প্রশিক্ষণ ইত্যাদি) বিবেচনা করবে;

গ) কমিটি পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত পরিপত্রের বিধানাবলির আলোকে নির্ধারিত মানদণ্ড এবং সম্ভাব্য প্রকল্প পরিচালকদের সাক্ষাৎকারের ভিত্তিতে একজন প্রকল্প পরিচালক নিয়োগের সুপারিশ করবে;

ঘ) ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকার নিম্নে প্রকল্প পরিচালক (পূর্ণকালীন/খণ্ডকালীন) নিয়োগের বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে এ কমিটির সহায়তা গ্রহণ করতে পারে;

ঙ) প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ০৬ মাস পর্যন্ত যেসব কর্মকর্তার চাকুরির মেয়াদ থাকবে না, সেসব কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা যাবে না;

চ) জনস্বার্থে একান্ত অপরিহার্য না হলে প্রকল্প বাস্তবায়নকালে সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োজিত প্রশিক্ষণ প্রাপ্ত, অভিজ্ঞ কর্মকর্তা/প্রকল্প পরিচালককে অন্যত্র বদলি পরিহার করতে হবে। তবে পদোন্নতি অথবা শাস্তিপ্রাপ্ত কর্মকর্তার ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে পদোন্নতির সকল সুযোগ সুবিধা প্রদান করে প্রকল্প সমাপন পর্যন্ত প্রকল্প পরিচালকের পদে বহাল রাখার প্রচেষ্টা গ্রহণ করতে হবে; এবং

ছ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.০০২.১৫(অংশ-১)-১৬৪**—পরিকল্পনা বিভাগ কর্তৃক গত ০৯-০২-২০১৬ তারিখে ২০.৮০৪. ০২২.০০.০০.০০৬.২০১০/০৪ স্মারকে জারিকৃত পত্রের আলোকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতায় জাতীয় সঞ্চয় অধিদপ্তর-এর বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের নিমিত্ত নিম্নরূপ একটি কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**সদস্যবৃন্দ**

০২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর

০৩। যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

০৪। যুগ্ম-প্রধান, সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ, পরিকল্পনা কমিশন

০৫। প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

০৬। প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়

০৭। প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

০৮। প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (প্রযোজ্য ক্ষেত্রে)*

**সদস্য-সচিব**

০৯। সিনিয়র সহকারী প্রধান, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

*বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে।

**কমিটির কর্ম পরিধি :**

ক) কমিটি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০.০০ (পঞ্চাশ) কোটি বা তদূর্দ্ধ (সরকারি অর্থায়নে বিনিয়োগ/কারিগরি সহায়তা ও নিজস্ব অর্থায়নে) হলে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নির্বাচনের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী পেশকৃত ন্যূনতম ০৩ জন সম্ভাব্য প্রকল্প পরিচালকের বৃত্তান্ত বিবেচনা করবে;

খ) কমিটি প্রকল্প পরিচালক নির্বাচনের জন্য মানদণ্ড (যেমন- শিক্ষাগত যোগ্যতা, কর্ম অভিজ্ঞতা, প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অভিজ্ঞতা, প্রকিউরমেন্ট সংক্রান্ত প্রশিক্ষণ ইত্যাদি) বিবেচনা করবে;

গ) কমিটি পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত পরিপত্রের বিধানাবলির আলোকে নির্ধারিত মানদণ্ড এবং সম্ভাব্য প্রকল্প পরিচালকদের সাক্ষাৎকারের ভিত্তিতে একজন প্রকল্প পরিচালক নিয়োগের সুপারিশ করবে;

ঘ) ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকার নিম্নে প্রকল্প পরিচালক (পূর্ণকালীন/খণ্ডকালীন) নিয়োগের বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে এ কমিটির সহায়তা গ্রহণ করতে পারে;

ঙ) প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাস পর্যন্ত যেসব কর্মকর্তার চাকুরির মেয়াদ থাকবে না, সেসব কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা যাবে না;

চ) জনস্বার্থে একান্ত অপরিহার্য না হলে প্রকল্প বাস্তবায়নকালে সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োজিত প্রশিক্ষণ প্রাপ্ত, অভিজ্ঞ কর্মকর্তা/প্রকল্প পরিচালককে অন্যত্র বদলি পরিহার করতে হবে। তবে পদোন্নতি অথবা শাস্তিপ্রাপ্ত কর্মকর্তার ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে পদোন্নতির সকল সুযোগ সুবিধা প্রদান করে প্রকল্প সমাপন পর্যন্ত প্রকল্প পরিচালকের পদে বহাল রাখার প্রচেষ্টা গ্রহণ করতে হবে; এবং

ছ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.০০২.১৫(অংশ-১)-১৬৫**—পরিকল্পনা বিভাগ কর্তৃক গত ০৯-০২-২০১৬ তারিখে ২০.৮০৪. ০২২.০০.০০.০০৬.২০১০/০৪ স্মারকে জারিকৃত পত্রের আলোকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতায় ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনাল-এর বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের নিমিত্ত নিম্নরূপ একটি কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**সদস্যবৃন্দ**

০২। প্রেসিডেন্ট, ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনাল

০৩। যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

০৪। যুগ্ম-প্রধান, সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ, পরিকল্পনা কমিশন

০৫। প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

০৬। প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়

০৭। প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

০৮। প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (প্রযোজ্য ক্ষেত্রে)*

**সদস্য-সচিব**

০৯। সিনিয়র সহকারী প্রধান, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

*বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে।

**কমিটির কর্ম পরিধি :**

ক) কমিটি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০.০০ (পঞ্চাশ) কোটি বা তদূর্দ্ধ (সরকারি অর্থায়নে বিনিয়োগ/কারিগরি সহায়তা ও নিজস্ব অর্থায়নে) হলে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নির্বাচনের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী পেশকৃত ন্যূনতম ০৩ জন সম্ভাব্য প্রকল্প পরিচালকের বৃত্তান্ত বিবেচনা করবে;

খ) কমিটি প্রকল্প পরিচালক নির্বাচনের জন্য মানদণ্ড (যেমন- শিক্ষাগত যোগ্যতা, কর্ম অভিজ্ঞতা, প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অভিজ্ঞতা, প্রকিউরমেন্ট সংক্রান্ত প্রশিক্ষণ ইত্যাদি) বিবেচনা করবে;

গ) কমিটি পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত পরিপত্রের বিধানাবলির আলোকে নির্ধারিত মানদণ্ড এবং সম্ভাব্য প্রকল্প পরিচালকদের সাক্ষাৎকারের ভিত্তিতে একজন প্রকল্প পরিচালক নিয়োগের সুপারিশ করবে;

ঘ) ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকার নিম্নে প্রকল্প পরিচালক (পূর্ণকালীন/খণ্ডকালীন) নিয়োগের বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে এ কমিটির সহায়তা গ্রহণ করতে পারে;

ঙ) প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাস পর্যন্ত যেসব কর্মকর্তার চাকুরির মেয়াদ থাকবে না, সেসব কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা যাবে না;

চ) জনস্বার্থে একান্ত অপরিহার্য না হলে প্রকল্প বাস্তবায়নকালে সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োজিত প্রশিক্ষণ প্রাপ্ত, অভিজ্ঞ কর্মকর্তা/প্রকল্প পরিচালককে অন্যত্র বদলি পরিহার করতে হবে। তবে পদোন্নতি অথবা শাস্তিপ্রাপ্ত কর্মকর্তার ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে পদোন্নতির সকল সুযোগ সুবিধা প্রদান করে প্রকল্প সমাপন পর্যন্ত প্রকল্প পরিচালকের পদে বহাল রাখার প্রচেষ্টা গ্রহণ করতে হবে; এবং

ছ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.০০২.১৫(অংশ-১)-১৬৬**—পরিকল্পনা বিভাগ কর্তৃক গত ০৯-০২-২০১৬ তারিখে ২০.৮০৪. ০২২.০০.০০.০০৬.২০১০/০৪ স্মারকে জারিকৃত পত্রের আলোকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতায় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল-এর বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের নিমিত্ত নিম্নরূপ একটি কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**সদস্যবৃন্দ**

০২। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল

০৩। যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

০৪। যুগ্ম-প্রধান, সংশ্লিষ্ট সেক্টর-বিভাগ, পরিকল্পনা কমিশন

০৫। প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

০৬। প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়

০৭। প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

০৮। প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (প্রযোজ্য ক্ষেত্রে)*

**সদস্য-সচিব**

০৯। সিনিয়র সহকারী প্রধান, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

*বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে।

**কমিটির কর্ম পরিধি :**

ক) কমিটি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০.০০ (পঞ্চাশ) কোটি বা তদূর্ধ্ব (সরকারি অর্থায়নে বিনিয়োগ/কারিগরি সহায়তা ও নিজস্ব অর্থায়নে) হলে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নির্বাচনের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী পেশকৃত ন্যূনতম ০৩ জন সম্ভাব্য প্রকল্প পরিচালকের বৃত্তান্ত বিবেচনা করবে;

খ) কমিটি প্রকল্প পরিচালক নির্বাচনের জন্য মানদণ্ড (যেমন- শিক্ষাগত যোগ্যতা, কর্ম অভিজ্ঞতা, প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অভিজ্ঞতা, প্রকিউরমেন্ট সংক্রান্ত প্রশিক্ষণ ইত্যাদি) বিবেচনা করবে;

গ) কমিটি পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত পরিপত্রের বিধানাবলির আলোকে নির্ধারিত মানদণ্ড এবং সম্ভাব্য প্রকল্প পরিচালকদের সাক্ষাৎকারের ভিত্তিতে একজন প্রকল্প পরিচালক নিয়োগের সুপারিশ করবে;

ঘ) ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকার নিম্নে প্রকল্প পরিচালক (পূর্ণকালীন/খণ্ডকালীন) নিয়োগের বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে এ কমিটির সহায়তা গ্রহণ করতে পারে;

ঙ) প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ০৬ (ছয়) মাস পর্যন্ত যেসব কর্মকর্তার চাকুরির মেয়াদ থাকবে না, সেসব কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা যাবে না;

চ) জনস্বার্থে একান্ত অপরিহার্য না হলে প্রকল্প বাস্তবায়নকালে সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োজিত প্রশিক্ষণ প্রাপ্ত, অভিজ্ঞ কর্মকর্তা/প্রকল্প পরিচালককে অন্যত্র বদলি পরিহার করতে হবে। তবে পদোন্নতি অথবা শাস্তিপ্রাপ্ত কর্মকর্তার ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে পদোন্নতির সকল সুযোগ সুবিধা প্রদান করে প্রকল্প সমাপন পর্যন্ত প্রকল্প পরিচালকের পদে বহাল রাখার প্রচেষ্টা গ্রহণ করতে হবে; এবং

ছ) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল আখের**
সিনিয়র সহকারী প্রধান।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ১০.০০.০০০০.১২৫.১৩.০০১.১৭.৪৯২**—যেহেতু বরিশালের জেলা লিগ্যাল এইড অফিসার (সহকারী জজ) জনাব মোঃ আজিজুর রহমান শারীরিক অক্ষমতাজনিত কারণে চাকরি হতে অবসর গ্রহণের আবেদন করেন; এবং

যেহেতু মেডিক্যাল বোর্ড তাঁকে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের চাকরির জন্য অনুপযুক্ত মর্মে স্বাস্থ্যগত সনদপত্র প্রদান করেছে; এবং

যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্ট তাঁর শারীরিক অক্ষমতাজনিত কারণে চাকরি হতে অবসর গ্রহণের বিষয়ে সরকারের প্রস্তাবে একমত পোষণ করেছে; এবং

যেহেতু তাঁকে শারীরিক অক্ষমতাজনিত কারণে চাকরি হতে অবসর প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন প্রদান করেন;

সেহেতু বরিশালের জেলা লিগ্যাল এইড অফিসার (সহকারী জজ) জনাব মোঃ আজিজুর রহমান-কে শারীরিক অক্ষমতাজনিত কারণে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

জনস্বার্থে এই আদেশ জারি করা হলো এবং জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুবার রহমান সরকার**
উপসচিব (প্রশাসন-১)।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৭

### আদেশাবলী

তারিখ : ০২ জুলাই ২০১৭ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-৫০/৮১-৫৫৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব রকিবুচ্ছায়াদাত, পিতা-শামসুল হুদা মাহমুদ, মাতা-আবেদা খানম, গ্রাম-দেওয়ানীপাড়া, ডাকঘর-দেওয়ানীপাড়া, উপজেলা-তালা, জেলা-সাতক্ষীরা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সাতক্ষীরা জেলার তালা উপজেলার ০৫ নং তেঁতলিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালা বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ : ০৩ জুলাই ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১১/৮৮-৫৬৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ রবিউল ইসলাম, পিতা-মোঃ আলী আশ্রাফ, মাতা-জয়নব বিবি, গ্রাম-কলাবাগান, ডাকঘর-পানছড়ি, উপজেলা-পানছড়ি, জেলা-খাগড়াছড়ি পার্বত্য জেলা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে খাগড়াছড়ি পার্বত্য জেলার পানছড়ি উপজেলার ৩ নং পানছড়ি ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

নং **বিচার-৭/২এন-১৫০/৮০-৫৬৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব শরিফুল ইসলাম, পিতা-দুলাল মিয়া, মাতা-সকিনা, গ্রাম-গন্ধমরুয়া, ডাকঘর-দূর্গাপুর, উপজেলা-আদিতমারী, জেলা-লালমনিরহাট) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলার ০১নং দূর্গাপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতিবস্থা থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**উন্নয়ন অধিশাখা-৭**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/১২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৫.০০.০০০০.০২০.৯৯.০১২.১৭/৬০৯**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন এলাকার জমি/প্লট/ফ্ল্যাট/এপার্টমেন্ট/ফ্লোর স্পেস-এর হস্তান্তর ফি, নামজারি ফি ও কনভার্সন ফি নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো:

**(ক) হস্তান্তর ফি (আবাসিক, শিল্প ও বাণিজ্যিক প্লট/ফ্ল্যাট)**

| ক্রম | এলাকার নাম | পুনঃনির্ধারিত ফি | |
|---|---|---|---|
| | | জমি/প্লট (প্রতি কাঠা) | ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোর স্পেস (প্রতি বর্গফুট) |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা | ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা | আবাসিক-১৬০/- (একশত ষাট) টাকা<br>বাণিজ্যিক-৪০০/- (চারশত) টাকা |
| ২। | তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা | ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা | বাণিজ্যিক-৪০০/- (চারশত) টাকা |
| ৩। | খিলগাঁও পুনর্বাসন এলাকা (১০০ ফুট রাস্তার পার্শ্বে), ঢাকা | ৮০,০০০/- (আশি হাজার) টাকা | আবাসিক-১০০/- (একশত) টাকা |
| ৪। | খিলগাঁও পুনর্বাসন এলাকা (অনধিক ১০০ ফুট রাস্তার পার্শ্বে), ঢাকা | ৮০,০০০/- (আশি হাজার) টাকা | আবাসিক-১০০/- (একশত) টাকা |
| ৫। | রাজারবাগ পুনর্বাসন এলাকা (বিশ্বরোড সংলগ্ন), ঢাকা | ৮০,০০০/- (আশি হাজার) টাকা | আবাসিক-১০০/- (একশত) টাকা |
| ৬। | রাজারবাগ পুনর্বাসন এলাকা (ভিতরের ৪০ ফুট ও অভ্যন্তরীণ রাস্তার পার্শ্বে), ঢাকা | ৮০,০০০/- (আশি হাজার) টাকা | আবাসিক-১০০/- (একশত) টাকা |
| ৭। | হাজারীবাগ শিল্প এলাকা, ঢাকা | ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা | আবাসিক-১৬০/- (একশত ষাট) টাকা<br>বাণিজ্যিক-৪০০/- (চারশত) টাকা |
| ৮। | মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা | বাণিজ্যিক-৪০০/- (চারশত) টাকা |
| ৯। | নবাবপুর বাণিজ্যিক এলাকা, ঢাকা | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা | বাণিজ্যিক-৪০০/- (চারশত) টাকা |
| ১০। | কক্সবাজার আবাসিক এলাকা | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা | আবাসিক-২০০/- (দুইশত) টাকা |
| ১১। | শেরে বাংলা নগর/আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা | ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা | আবাসিক-১৬০/- (একশত ষাট) টাকা<br>বাণিজ্যিক-৪০০/- (চারশত) টাকা |
| ১২। | চট্টগ্রাম আবাসিক এলাকা | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা | আবাসিক-১০০/- (একশত) টাকা |
| ১৩। | চট্টগ্রাম বাণিজ্যিক এলাকা | ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা | বাণিজ্যিক-৪০০/- (চারশত) টাকা |
| ১৪। | চট্টগ্রাম শিল্প এলাকা (বায়েজীদ বোস্তামী/ নাসিরাবাদ) | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা | ৪০০/- (চারশত) টাকা |

**(খ) নামজারি ফি**

| ক্রম | এলাকার নাম | পুনঃনির্ধারিত ফি | |
|---|---|---|---|
| | | জমি/প্লট | ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোর স্পেস |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা | (১) ৫ কাঠা পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১০ কাঠা পর্যন্ত ২০,০০০/- (বিশ হাজার) টাকা<br>(৩) ১৫ কাঠা পর্যন্ত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা<br>(৪) ১৫ কাঠার উর্ধ্বে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ২০,০০০/- (বিশ হাজার) টাকা |

| ক্রম | এলাকার নাম | পুন:নির্ধারিত ফি | |
|---|---|---|---|
| | | জমি/প্লট | ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোর স্পেস |
| ১ | ২ | ৩ | ৪ |
| ২। | তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা | (১) ৫ কাঠা পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১০ কাঠা পর্যন্ত ২০,০০০/- (বিশ হাজার) টাকা<br>(৩) ১৫ কাঠা পর্যন্ত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা<br>(৪) ১৫ কাঠার উর্ধ্বে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ২০,০০০/- (বিশ হাজার) টাকা |
| ৩। | খিলগাঁও পুনর্বাসন এলাকা, ঢাকা | ৬,০০০/- (ছয় হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ৪। | রাজারবাগ পুনর্বাসন এলাকা, ঢাকা | ৬,০০০/- (ছয় হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ৫। | হাজারীবাগ আবাসিক এলাকা, ঢাকা | ৬,০০০/- (ছয় হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ৬। | হাজারীবাগ শিল্প এলাকা, ঢাকা | ১০,০০০/- (দশ হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ৭। | মিরপুর আবাসিক এলাকা, ঢাকা | ৬,০০০/- (ছয় হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ৮। | মিরপুর শিল্প এলাকা, ঢাকা | ৬,০০০/- (ছয় হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ৯। | মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা | ১০,০০০/- (দশ হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ১০। | নবাবপুর বাণিজ্যিক এলাকা, ঢাকা | ১০,০০০/- (দশ হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ১১। | কক্সবাজার আবাসিক এলাকা | ৪,০০০/- (চার হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ১২। | চট্টগ্রাম আবাসিক এলাকা | ৬,০০০/- (ছয় হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |

| ক্রম | এলাকার নাম | পুনঃনির্ধারিত ফি | |
|---|---|---|---|
| | | জমি/প্লট | ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোর স্পেস |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৩। | চট্টগ্রাম বাণিজ্যিক এলাকা | ১০,০০০/- (দশ হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা (২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ১৪। | চট্টগ্রাম শিল্প এলাকা (বায়েজীদ বোস্তামী/ নাসিরাবাদ) | ১০,০০০/- (দশ হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ১০,০০০/- (দশ হাজার) টাকা (২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১৫,০০০/- (পনের হাজার) টাকা |
| ১৫। | অন্যান্য বিভাগীয় সদর | ৪,০০০/- (চার হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১০,০০০/- (দশ হাজার) টাকা |
| ১৬। | অন্যান্য শহর আবাসিক এলাকা | ২,০০০/- (দুই হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১০,০০০/- (দশ হাজার) টাকা |
| ১৭। | অন্যান্য শহর শিল্প এলাকা | ৪,০০০/- (চার হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১০,০০০/- (দশ হাজার) টাকা |
| ১৮। | অন্যান্য শহর বাণিজ্যিক এলাকা | ৬,০০০/- (ছয় হাজার) টাকা | (১) ১৫০০ বর্গফুট পর্যন্ত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (২) ১৫০০ বর্গফুটের উর্ধ্বে ১০,০০০/- (দশ হাজার) টাকা |

**(গ) কনভার্সন ফি (আবাসিক, শিল্প ও বাণিজ্যিক)**

| ক্রম | এলাকার নাম | পুনঃনির্ধারিত ফি | |
|---|---|---|---|
| | | জমি/প্লট (প্রতি কাঠা) | ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোর স্পেস (প্রতি বর্গফুট) |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা | ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা | ৫০০/- (পাঁচ শত) টাকা |
| ২। | তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা | ৫০০/- (পাঁচ শত) টাকা |
| ৩। | খিলগাঁও পুনর্বাসন এলাকা, ঢাকা | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |
| ৪। | রাজারবাগ পুনর্বাসন এলাকা, ঢাকা | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |
| ৫। | হাজারীবাগ আবাসিক এলাকা, ঢাকা | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |
| ৬। | হাজারীবাগ শিল্প এলাকা, ঢাকা | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |
| ৭। | মিরপুর আবাসিক এলাকা, ঢাকা | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |
| ৮। | মিরপুর শিল্প এলাকা, ঢাকা | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা | — |
| ৯। | মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা | ৪০০/- (চার শত) টাকা |
| ১০। | নবাবপুর বাণিজ্যিক এলাকা, ঢাকা | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা | ৪০০/- (চার শত) টাকা |
| ১১। | কক্সবাজার আবাসিক এলাকা | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |
| ১২। | চট্টগ্রাম আবাসিক এলাকা | ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |

| ক্রম | এলাকার নাম | পুনঃনির্ধারিত ফি | |
|---|---|---|---|
| | | জমি/প্লট (প্রতি কাঠা) | ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট/ফ্লোর স্পেস (প্রতি বর্গফুট) |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৩। | চট্টগ্রাম বাণিজ্যিক এলাকা | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা | ৪০০/- (চার শত) টাকা |
| ১৪। | চট্টগ্রাম শিল্প এলাকা (বায়েজীদ বোস্তামী/ নাসিরাবাদ) | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা | ৪০০/- (চার শত) টাকা |
| ১৫। | অন্যান্য বিভাগীয় সদর | ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |
| ১৬। | অন্যান্য শহর আবাসিক এলাকা | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |
| ১৭। | অন্যান্য শহর শিল্প এলাকা | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |
| ১৮। | অন্যান্য শহর বাণিজ্যিক এলাকা | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা | ২০০/- (দুই শত) টাকা |

২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৩। পুনঃনির্ধারিত ফি এ মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থার জমি/প্লট/ফ্ল্যাট/এপার্টমেন্ট/ফ্লোর স্পেস এবং পরিত্যক্ত সম্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৪। এ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে কার্যকর হবে।

৫। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলে।

**মোঃ কামরুল হাসান**
যুগ্মসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**উন্নয়ন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ আষাঢ় ১৪২৪/২১ জুন ২০১৭

**নং ৩৭.০০.০০০০.০৮৩.০১৯.১৪-২৯৯**—যেহেতু, জনাব সুবোধ কুমার মন্ডল, মনিরামপুর উপজেলা, যশোর ঝিনাইদহ জোন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর-এ কর্মরত থাকা অবস্থায় উক্ত জেলা অফিসের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির জন্য অভ্যন্তরীণ অডিট এন্ড একাউন্টস সেলের নিরীক্ষা প্রতিবেদনে ২০০৯-২০১০, ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ অর্থ বছরের সিডিউল বিক্রয়, লাইসেন্স নবায়ন ও ঠিকাদারী কাজের সময় বৃদ্ধি বাবদ সংগৃহীত জরিমানার অর্থ সরকারি কোষাগারে জমা না দিয়ে অর্থ আত্মসাৎসহ ভূয়া ব্যাংক গ্যারান্টি প্রস্তুত ও প্রস্তুতকৃত চুক্তিপত্রে ঠিকাদারের স্বাক্ষর ছাড়াই নিজে স্বাক্ষর করে সরকারি কাজে ব্যবহারের অভিযোগ উত্থাপিত হয়। বর্ণিত অভিযোগের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ২৪ ডিসেম্বর ২০১৪ তারিখের ৩৭.০৭.০০০০.০৮৩.১৮.০১৯.১৪-৮৩৬ সংখ্যক স্মারকের মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) এবং ৩ (ডি) বিধিতে বর্ণিত 'অসদাচরণ' এবং দুর্নীতি'র অভিযোগে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কারণ দর্শানো জবাবে তিনি নিজেকে নির্দোষ দাবী করে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। গত ১৪ মে, ২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ন্যায়বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য জনাব মোঃ ফজলুর রহমান, সিনিয়র সহকারি সচিব, শিক্ষা মন্ত্রণালয়-কে দায়িত্ব প্রদান করা হয়।

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও দুর্নীতি'র অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, ব্যক্তিগত শুনানী, তদন্ত প্রতিবেদন, ইত্যাদি যথাযথভাবে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি অর্থ আত্মসাৎ, ভূয়া ব্যাংক গ্যারান্টি প্রস্তুত ও ঠিকাদারের স্বাক্ষর ছাড়াই প্রস্তুতকৃত চুক্তিপত্রে নিজে স্বাক্ষর করে সরকারি কাজে ব্যবহারের বিষয়ে তার কোন সম্পৃক্ততার প্রমাণ না পাওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (ডি) বিধিতে 'অসদাচরণ ও দুর্নীতির' অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মনিরামপুর উপজেলার, উপ-সহকারী প্রকৌশলী জনাব সুবোধ কুমার মন্ডল-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ ও দুর্নীতির' অভিযোগ হতে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**রক্ষণাবেক্ষণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/১২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০০.০০০০.০১৫.২২.০৭৬.১৩-৩৮২**—সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড আইন' ২০১৩ অনুযায়ী সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড এর পরিচালনা পরিষদ নিম্নোক্তভাবে গঠন করা হল:

**চেয়ারম্যান**

১. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

**সদস্যবৃন্দ**

২. সচিব, সেতু বিভাগ

৩. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর

৪. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

৫. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

৬. জনাব এ এফ আমিন চৌধুরী, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৭. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

৮. প্রফেসর ডঃ মোঃ মাজহারুল হক, পুরকৌশল বিভাগ ও ডীন, পুরকৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

৯. বাজেট অনুবিভাগ প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১০. বিভাগীয় প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা, কমিশন

১১. জনাব খন্দকার এনায়েত উল্যাহ, মহাসচিব, সড়ক পরিবহন মালিক সমিতি

**সদস্য-সচিব**

১২. যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড

০২। গত ২৬-১০-২০১৫ তারিখে ৩৫.০০.০০০০.০১৫.২২.০৭৬.১৩-৯২৩ স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম সরকার**
উপসচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা বিসিক শাখা**

**আদেশাবলী**

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৪/১৬ জুলাই ২০১৭

**নং ৩৬.০০.০০০০.০৬৫.০৪.০০৪.১৩(অংশ-৫)-২১৫**—আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "মহিলা শিল্পোদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি (উইডিপি)" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৪ (চার) ক্যাটাগরির ৮৫ (পঁচাশি) টি অস্থায়ী পদ ০১-০৬-২০১৭ হতে ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি:

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | হিসাবরক্ষক তথা কোষাধ্যক্ষ | ০৬ (ছয়)টি | টাঃ ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) |
| ২. | করণিক তথা-মুদ্রাক্ষরিক | ৫৪ (চুয়ান্ন)টি | টাঃ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) |
| ৩. | গাড়ী চালক | ০১ (এক)টি | টাঃ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) |
| ৪. | পিয়ন/গার্ড | ২৪ (চব্বিশ)টি | টাঃ ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) |
| মোট : ৪ (চার) ক্যাটাগরির ৮৫ (পঁচাশি) টি পদ | | | |

**শর্তসমূহ :—**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) ক্রমিক নং-৩ গাড়ী চালক এবং ক্রমিক নং-৪ পিয়ন/গার্ড পদধারীদের স্বেচ্ছায় অবসর গ্রহণ, মৃত্যুবরণ, চাকরিচ্যুতি বা অন্য কোন কারণে পদ শূন্য হলে উক্ত শূন্য পদ পূরণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১০-০৬-২০০৯ খ্রিঃ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-৬/বিবিধ-২/২০০৯-২০০ নং স্মারকের মাধ্যমে প্রণীত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করতে হবে;

(গ) এতদ্‌সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৩-২০১৬ খ্রিঃ তারিখের ০৫.১৬০.০১৫.০০.০০৮.২০১৪-৪৭ এবং অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-২, শাখা-১৪ এর ১৯-০৫-২০১৬ খ্রিঃ তারিখের ০৭.১১৪.০১৪.৩৬.০০.০০২.২০১৫-৪৭ নম্বর স্মারকের সকল শর্তাদি প্রতিপালন করতে হবে; এবং

(ঘ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

০২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০০১.১৪-২১৮**—আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের কুটির ও গ্রামীণ শিল্প উন্নয়ন" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ০৬ (ছয়) ক্যাটাগরির ৩৩ (তেত্রিশ)টি অস্থায়ী পদ ০১-০৬-২০১৬ হতে ৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | মার্কেটিং অফিসার | ০১ (এক)টি |
| ২. | ডিজাইনার | ০১ (এক)টি |
| ৩. | ফিল্ড সুপারভাইজার | ০৪ (চার)টি |
| ৪. | স্টোর কিপার কাম হিসাব সহকারী | ০৭ (সাত)টি |
| ৫. | মাঠ সহকারী | ১৮ (আঠারো)টি |
| ৬. | ডায়ার | ০২ (দুই)টি |
| | মোট = ৬ (ছয়) ক্যাটাগরির | ৩৩ (তেত্রিশ)টি |

**শর্তসমূহ :—**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(খ) চতুর্থ শ্রেণির পদে যে সকল কর্মচারী কর্মরত আছেন সে সকল পদ পরবর্তীতে তাদের অবসর গ্রহণ, পদত্যাগ, অপসারণ, মৃত্যু বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা আউট সোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে; এবং

(গ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

০২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৭ (প্রশাসন ও শৃঙ্খলা অধিশাখা)**

**আদেশ**

তারিখ: ২১ আষাঢ় ১৪২৪/০৫ জুলাই ২০১৭

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০৮৮.১৫-১১৯**—যেহেতু, জনাব মোঃ ইউসুফ আলী মিয়া, উৎপাদন তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক) (সাময়িক বরখাস্ত), কারিগরী প্রশিক্ষণ কাম উৎপাদন কেন্দ্র, দত্তপাড়া, টঙ্গী, গাজীপুর (প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ডামুড্যা, শরীয়তপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী বিভাগীয় মামলা (মামলা নং ০২/১৬ তারিখ ১৫-০৩-২০১৬) রুজু করা হয়। এ মন্ত্রণালয়ের ১৫-০৩-২০১৬ তারিখের ৪১.০০.০০০০.০৩৬.২০.০৮৮.১৫-২৬ সংখ্যক স্মারকমূলে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছিল; এবং

যেহেতু, উপর্যুক্ত অভিযোগের প্রেক্ষিতে আপনি গত ২২-০৩-২০১৬ তারিখের ৪১.০১.৩৩০০.০৩০.১৮.০০০.০০.১৩ সংখ্যক স্মারকমূলে জবাবপত্র দাখিল করেন। উক্ত জবাবের পরিপ্রেক্ষিতে গত ৩০-০৬-২০১৬ তারিখের ৪১.০০.০০০০.০৩৬.২৭.০৮৮.১৫-৭৬ সংখ্যক স্মারকমূলে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৫) জনাব মোস্তফা কামাল মজুমদারকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি সরেজমিনে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তাঁর প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে সেহেতু, জনাব মোঃ ইউসুফ আলী মিয়া, উৎপাদন তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক) (সাময়িক বরখাস্ত), কারিগরী প্রশিক্ষণ কাম উৎপাদন কেন্দ্র, দত্তপাড়া, টঙ্গী, গাজীপুর (প্রাক্তন কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ডামুড্যা, শরীয়তপুর) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্ত কর্মকর্তার 'তদন্ত প্রতিবেদন' পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩ (বি) ও (ডি) মোতাবেক "অসদাচরণ' ও দুর্নীতিপরায়ণ' এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় অভিযুক্ত কর্মকর্তাকে ভবিষ্যতের জন্য সতর্কপূর্বক অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো এবং তাঁর 'সাময়িক বরখাস্ত' আদেশ প্রত্যাহারসহ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসাবে গণ্য করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ জিল্লার রহমান**
সচিব।

---

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৩.৭৫৯.০১৪.৭৩.০০.০৮৫.২০১৭-১৫৫৪**—চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলার বাদলপুরা মৌজায় **"কর্ণফুলী ড্রাই ডক স্পেশাল ইকোনমিক জোন"** নামে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য **"কর্ণফুলী ড্রাই ডক স্পেশাল ইকোনমিক জোন"** এর ব্যবস্থাপনা পরিচালক জনাব ইঞ্জিনিয়ার এম. এ. রশিদ কর্ণফুলী ড্রাই ডক লিমিটেড, ৯৪৪/এ, স্ট্র্যান্ড রোড, মাঝির ঘাট, ডবল মুড়িং, চট্টগ্রাম কর্তৃক তার মালিকানায় দাবীকৃত (নিজস্ব ক্রয়, সরকার কর্তৃক বন্দোবস্ত ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের লীজকৃত জমি) তফসিলভুক্ত জমি বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবর আবেদন করা হয়েছে। নিম্নবর্ণিত তফসিলভুক্ত তাঁদের দাবীকৃত মালিকানাধীন জমির পরিমাণ ১৮.২৩৭৮ একর। উক্ত আবেদনের প্রেক্ষিতে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হলে তদ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন কোন ব্যক্তি এ বিজ্ঞপ্তি প্রকাশের ২১ (একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৫), ১২ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য অনুমোদিত মাস্টারপ্লান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ শিল্পকারখানা স্থাপন করা হবে। এতদ্ব্যতীত প্রয়োজনে অগ্নিনির্বাপন ব্যবস্থা, পানি শোধনাগার, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্টসহ (ইটিপি) কর্ণফুলী ড্রাই ডক স্পেশাল ইকোনমিক জোন স্থাপনে শর্তাবলী পূরণ করা হবে।

**তফসিল-১**

জেলা-চট্টগ্রাম, উপজেলা-আনোয়ারা, মৌজার নাম-বাদলপুরা, জে. এল. নং ২৯।

বি. এস. খতিয়ান নং : ১, ৯, ১০, ৩১, ৩৩, ৪৫, ৫৬, ৫৭, ৫৯, ৬০, ৬১, ৬৫, ৬৭, ৯১, ৯২, ৯৮, ৯৯, ১০৮, ১১২, ১৩৮, ১৫৪, ১৬২, ১৬৩, ১৭০, ১৭৯, ১৯৩, ১৯৫ মোট- ২৭ খতিয়ান।

বি.এস. দাগ নং : ৪১, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৬, ৮৭, ৮৮, ৯২, ১০৮, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৬৮, ১৭১, ১৭২, ১৭৩, ১৭৪, ১৭৫, ১৭৬, ১৭৭, ১৭৮, ১৮২, ২১৯, ২২০, ২২১, ২২২, ২২৩, ২২৪, ২২৬, ২২৭, ২২৮, ২২৯, ২৩২, ২৩৫, ২৩৭ মোট -৭২ টি দাগ এবং জমির পরিমাণ ১৮.২৩ একর।

চৌহদ্দি : পূর্বে: বাদলপুরা মৌজা ও জন চলাচল গ্রামের রাস্তা, দক্ষিণে: মেরিন একাডেমি জেটি, উত্তরে: দক্ষিণ শাহ-মিরপুর মৌজা, পশ্চিমে: কর্ণফুলি নদী।

নিবন্ধন নম্বর ও সাল : ২৬৪১/০৮, ২৬৪৮/০৮, ৩৩৫৩/০৮, ৪৫০৫/০৮, ৯৭৭/০৯, ৯৭৮/০৯, ৯৮৭/০৯, ৪১৩৬/০৯, ৪২৭০/০৯, ৪২৭৫/০৯, ১৯৬২/১০, ১৯৭৪/১০, ২০৬৭/১০, ২০৭২/১০, ২০৭৫/১০, ২০৭৬/১০, ৩৩৩৩/১০, ৩৩৩৬/১০, ৩৮২১/১০, ২৯৭/১১, ২৯৮/১১, ৩০৭/১১, ৩১০/১১, ৩২২/১১, ৪৫৮/১১, ৪৯১/১১, ৫৩৬/১১, ৬৬১/১১, ৭২০/১১, ৭৫২/১১, ৪৮৬৪/১১, ৪৮৬৬/১১, ৪৮৮১/১১, ৫১৭৬/১১, ১৯৬৮/১২, ২৬৩৫/১৩, ১২৯২/১৪.

**মোঃ ইসমাইল হোসেন**
সচিব (বিকল্প কর্মকর্তা)
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ।